ই-অকশান সিস্টেম

স্বপ্নের ডিজিটাল বাংলাদেশ গড়ার প্রত্যয়ে

নিলাম দরপত্র বিজ্ঞপ্তির বিবরণ: নিলাম পরিচিতি নং-৩৪৬

১	মন্ত্রণালয়/বিভাগ	বিদ্যুৎ বিভাগ, বিজ্বাখস মন্ত্রণালয়, বাংলাদেশ
২	কোম্পানি	পাওয়ার গ্রিড বাংলাদেশ পিএলসি
৩	নিলামকারী দপ্তরের নাম	গ্রিড সংরক্ষণ বিভাগ
৪	নিলামকারী দপ্তরের জেলা	রাজশাহী
৫	নিলামের নাম	জিএমডি, রাজশাহীর আওতাধীন বিভিন্ন গ্রিড উপকেন্দ্র ও বিভাগীয় ভান্ডারে রক্ষিত পুরাতন, নষ্ট, ব্যবহার অনুপোযোগী, অকেজো মালামাল সমুহ (যেখানে যে অবস্থায় আছে) উন্মুক্ত নিলাম (ই-অকশন) এর মাধ্যমে বিক্রয়।
৬	বিজ্ঞপ্তি সূত্র নং	২৭.২১.০০০০.০০০.৭২০.০৭.০০০৪.২২.৪২৭
৭	বিজ্ঞপ্তির তারিখ	০৫.১০.২০২৬
৮	শিডিউল গ্রহণ শুরুর সময়	১১-১০-২০২৬ ১০:০০ সকাল
৯	শিডিউল জমাদানের শেষ সময়	২৬-১০-২০২৬ ০২:০০ দুপুর
১০	ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মূলকপি জমাদানের শেষ সময়	২৬-১০-২০২৬ ০৪:০০ দুপুর
১১	শিডিউল খোলার সময়	২৮-১০-২০২৬ ১২:০০ দুপুর
	দরদাতার জন্য প্রয়োজনীয় তথ্য ও শর্ত সমূহ	
১২	দরদাতার যোগ্যতা	ক. নিলাম ক্রয়কারী প্রতিষ্ঠানের নগদ অর্থ/ ঋণ সুবিধার ন্যূনতম পরিমাণ হতে হবে ১,৫০০,০০০ /- টাকা মাত্র। খ. নিলাম ক্রয়কারী প্রতিষ্ঠানের হালনাগাদ ট্রেড লাইসেন্স, আয়কর পরিশোধ, ভ্যাট নিবন্ধন সনদপত্র থাকতে হবে।
১৩	দরপত্র/শিডিউলের মূল্য	১,০০০ /- টাকা মাত্র (অফেরতযোগ্য) শিডিউলের মূল্য বাবদ বাংলাদেশের যেকোনো তফসিলি ব্যাংক হতে 'পাওয়ার গ্রিড বাংলাদেশ পিএলসি' (Power Grid Bangladesh PLC) এর অনুকুলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার করে এর স্ক্যানড কপি(পিডিএফ) অনলাইনে দাখিল করতে হবে। মূল ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সমূহ ১৯ নং অনুচ্ছেদে উল্লিখিত দপ্তর সমূহে ২৬-১০-২০২৬ ০৪:০০ দুপুর এর পূর্বে পৌছাতে হবে।

১৪	দরপত্র/নিলামের জামানত	উদ্ধৃত মূল্যের ন্যূনতম ১৫ %(ফেরতযোগ্য) জামানত বাবদ বাংলাদেশের যেকোনো তফসিলি ব্যাংক হতে 'পাওয়ার গ্রিড বাংলাদেশ পিএলসি' (Power Grid Bangladesh PLC) এর অনুকুলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার করে এর স্ক্যানড কপি(পিডিএফ) অনলাইনে দাখিল করতে হবে। মূল ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সমূহ ১৯ নং অনুচ্ছেদে উল্লিখিত দপ্তর সমূহে ২৬-১০-২০২৬ ০৪:০০ দুপুর এর পূর্বে পৌছাতে হবে।
১৫	দরপত্র আহ্বানকারী কর্মকর্তার নাম	এ এস এম মোস্তাফিজুর রহমান
১৬	দরপত্র আহ্বানকারী কর্মকর্তার পদবি	নির্বাহী প্রকৌশলী
১৭	দরপত্র আহ্বানকারী কর্মকর্তার দাপ্তরিক ঠিকানা	গ্রিড সংরক্ষণ বিভাগ পাওয়ার গ্রিড, কাটাখালী, রাজশাহী।
১৮	দরপত্র আহ্বানকারী কর্মকর্তার ফোন নম্বর	০১৭৩০০১৬০১৮
১৯	মূল ব্যাংক ড্রাফট/পে-অর্ডার জমাদানের দপ্তরসমূহ	ক. নির্বাহী প্রকৌশলীর দপ্তর জিএমডি, কাটাখালী, রাজশাহী পাওয়ার গ্রিড বাংলাদেশ পিএলসি খ. নির্বাহী প্রকৌশলীর দপ্তর জিএমডি, ছিলিমপুর, বগুড়া পাওয়ার গ্রিড বাংলাদেশ পিএলসি গ. নির্বাহী প্রকৌশলীর দপ্তর জিএমডি, ঢাকা সেন্ট্রাল, পাওয়ার গ্রিড বাড়ি নং-৪৭, রোড নং-১৩৪, গুলশান-১, ঢাকা-১২১২
২০	নিলামে অংশগ্রহণকারীর ধরন	প্রতিষ্ঠান

শর্তাবলী:

১	জিএমডি, রাজশাহীর আওতাধীন বিভিন্ন গ্রিড উপকেন্দ্র ও বিভাগীয় ভান্ডারে রক্ষিত নিলামকৃত মালামাল সমুহ যেখানে যে অবস্থায় আছে ভিত্তিতে ডেলিভারী কমিটি / পাওয়ার গ্রিডের উপর্যূক্ত প্রতিনিধির উপস্থিতিতে ঠিকাদার / মনোনীত উপর্যূক্ত প্রতিনিধি কর্তৃক গ্রহন করতে হবে। মালামাল হ্যান্ডলিং / পরিবহনের সময় যাবতীয় নিরপত্তা ও পরিবেশগত বিষয়াদি যথাযথভাবে অনুসরন করতে হবে।
২	এটি একটি অনলাইন ভিত্তিক নিলাম প্রক্রিয়া। নিলামে আগ্রহী দরদাতাগণ https://auction.powergrid.gov.bd সাইটের মাধ্যমে নিলামে অংশগ্রহন করতে পারবেন। সকল আগ্রহী দরদাতাকে অবশ্যই পাওয়ার গ্রিড-এর ই-অকশন সিস্টেমে নিবন্ধিত হতে হবে। শুধুমাত্র নিবন্ধিত দরদাতাগণ নিলামে অংশগ্রহণ করতে পারবেন।
৩	নিবন্ধন, লগ ইন, প্রোফাইল আপডেট, মোবাইল নম্বর ভেরিফিকেশন, নিলামে অংশগ্রহণ প্রক্রিয়া সম্পর্কে জানতে ব্যবহার নির্দেশনা লিংক ভিজিট করুন।
৪	দরপত্রে অংশগ্রহণকারী প্রতিষ্ঠানকে হালনাগাদ ট্রেড লাইসেন্স, আয়কর সনদপত্র ও ভ্যাট নিবন্ধন সনদপত্র এর স্ক্যানড কপি (পিডিএফ) অনলাইনে দাখিল করতে হবে।
৫	কোন নিলামের দরপত্র দাখিলের পূর্বে দরপত্র আহ্বানকারীর সাথে যোগাযোগ করে দরপত্রে উল্লিখিত মালামাল যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় সরেজমিনে পরিদর্শন করা যাবে। দরপত্র দাখিল করলে সরেজমিনে দরপত্রে উল্লিখিত মালামাল পরিদর্শন করা হয়েছে মর্মে প্রতীয়মান হবে।
৬	পাওয়ার গ্রিড এর ই-অকশন সিস্টেমের মাধ্যমে নিলাম দরপত্র দাখিল করতে হবে। ডাক, কুরিয়ার সার্ভিস কিংবা ফ্যাক্সের মাধ্যমে প্রাপ্ত কোন নিলাম দরপত্র গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না।
৭	আংশিক মালামালের জন্য দরপত্র দাখিল করা যাবে না এবং তা গ্রহণযোগ্যও হবে না।
৮	শর্তাধীন/শর্তযুক্ত (Conditional) নিলামের দর গ্রহণযোগ্য হবে না।

৯	দর প্রদানের সময় ভ্যাট/ট্যাক্স ব্যতিরেকে দর/মুল্য উদ্ধৃত করতে হবে। তবে বিজয়ী দরদাতা চূড়ান্ত পর্যায়ে তার উদ্ধৃত মুল্য পরিশোধের সময় উদ্ধৃত মুল্যের উপর বিধি মোতাবেক ধার্যকৃত ভ্যাট/ট্যাক্স প্রদান করতে বাধ্য থাকবেন।
১০	ই-অকশন সিস্টেমে দরপত্র দাখিল করার সময় দরপত্রের মূল্য ও উদ্ধৃত মূল্যের জামানাত বাবদ ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর স্ক্যানড কপি(পিডিএফ) অনলাইনে জমা দিতে হবে।
১১	নিলাম বিষয়ক যে কোন তথ্যের জন্য নিলামকারী দপ্তরে এবং কারিগরি সহায়তার জন্য Office hour (9am-4pm) এ 02226600936, 02226600937, 02226600938, 02226600939 (পিএবিএক্স-342,343)-এ যোগাযোগ করতে পারবেন ।
১২	ই-অকশন সিস্টেমে নির্দিষ্ট তারিখ ও সময়ের পরে কোন নিলাম দরপত্র দাখিল করা যাবে না।
১৩	ই-অকশন সিস্টেম ব্যবহার করে দর প্রদানকালে কোন ধরনের কারিগরি ত্রুটি (Internet Connection,স্ক্যানিং বা আপলোড এর সমস্যা ইত্যাদি)-র জন্য যথা সময়ে bid করতে না পারার জন্য, অথবা corrupted বা virus infected file বা file upload/download না করতে পারার দায় কর্তৃপক্ষ বহন করবে না, সকল দায় দরদাতাকে বহন করতে হবে। ত্রুটিপূর্ণ ও অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে।
১৪	মূল ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সমূহ ১৯ নং অনুচ্ছেদে উল্লিখিত দপ্তরে/দপ্তর সমূহের যে কোন একটি দপ্তরে "২৬-১০-২০২৬ ০৪:০০ দুপুর " এর পূর্বে পৌছাতে হবে।
১৫	দরপত্র প্রস্তাবের বৈধতার মেয়াদ দরপত্র দাখিলের সময় হতে ১২০(একশত বিশ) দিন পর্যন্ত বলবৎ থাকবে।
১৬	নিলামকৃত মালামালের বিপরীতে কোন Warranty প্রযোজ্য হবে না।
১৭	কার্যাদেশ/বিক্রয়াদেশ প্রদানের পূর্বে অকৃতকার্য দরদাতাগণকে তাদের সিকিউরিটি মানি(জামানত) অবমুক্ত করা হবে না।
১৮	দরপত্র আহ্বানকারী কর্তৃপক্ষের চাহিদার বিপরীতে মূল নথি-কাগজপত্র প্রদর্শন করতে হবে। দরপত্র মূল্যায়নকালে আংশিক(Partial), জাল(Forged) বা নকল(Fake) নথি-কাগজপত্র পাওয়া গেলে অনলাইনে জমাকৃত দরপত্র বাতিল বলে গণ্য হবে।
১৯	সর্বোচ্চ গ্রহণযোগ্য দরদাতা (Technically Responsive Highest Bidder) এর অনুকূলে "বিক্রয় আদেশ" প্রদান করা হবে।
২০	যে কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন দরপত্র গ্রহণ বা সকল দরপত্র বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
২১	বিক্রয় আদেশ প্রাপ্তির ১৫ দিনের মধ্যে বিজয়ী দরদাতাকে সংশ্লিষ্ট নিলামের বিপরীতে পূর্বে জামানত বাবদ প্রদত্ত অর্থ ব্যতিরেকে উদ্ধৃত মূল্যের অবশিষ্ট টাকা এবং উদ্ধৃত মূল্যের উপর বিধি মোতাবেক ধার্যকৃত ভ্যাট/ট্যাক্স বাবদ অর্থ বাংলাদেশের যেকোন তফসিলি ব্যাংক হতে 'পাওয়ার গ্রিড বাংলাদেশ পিএলসি' (Power Grid Bangladesh PLC) এর অনুকুলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার করে আহ্বানকারীর নিকট জমা দিতে হবে। উক্ত সময়সীমার মধ্যে উল্লিখিত প্রদেয় অর্থ জমা দিতে ব্যর্থ হলে বিক্রয় আদেশটি বাতিল বলে গণ্য হবে এবং সংশ্লিষ্ট দরদাতার দরপত্র এবং নিলামের জামানত বাজেয়াপ্ত(Forfeit) করা হবে।
২২	সমুদয় অর্থ জমাদানের পর পাওয়ার গ্রিড কর্তৃপক্ষ কর্তৃক ডেলিভারি অর্ডার ইস্যু করার ৩০ দিনের মধ্যে কার্যাদেশ প্রাপ্ত দরদাতাকে পাওয়ার গ্রিড কর্তৃক গঠিত ডেলিভারি কমিটির উপস্থিতিতে তাদের ছাড়পত্র অনুযায়ী দরপত্রে উল্লিখিত মালামাল নিজ দায়িত্বে ও নিজ খরচে গ্রহণ করতে হবে। পরবর্তীতে দরপত্রে উল্লিখিত মালামালের যে কোন প্রকার ক্ষতি বা চুরির ক্ষেত্রে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।
২৩	পাওয়ার গ্রিড কর্তৃক গঠিত ডেলিভারি কমিটির উপস্থিতিতে তাঁদের ছাড়পত্র অনুযায়ী মালামাল গ্রহণ করতে হবে।
২৪	দরপত্র দাখিল ও খোলার তারিখ, সময় ও শর্তাবলী পরিবর্তনের সকল ক্ষমতা দরপত্র আহ্বানকারী সংরক্ষণ করেন।
২৫	শর্তাবলীতে উল্লেখ নাই এমন বিষয়ে কোন জটিলতার সৃষ্টি হলে দরপত্র আহ্বানকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

ই-অকশন সিস্টেমের মাধ্যমে এই নিলামে অংশগ্রহণ করতে ই-অকশন সিস্টেম -এ লগইন করুন